# আপনার শিশু কি আপনার কথা শুনতে পায়?

## আপনার শিশুকে আরেকবার স্ক্রিন করা প্রয়োজন

New York State Department of Health

# আমার শিশুকে আরেকবার স্ক্রিনিং করার প্রয়োজন কেন?

Otoacoustic Emissions (OAE), Auditory Brainstem Responses (ABR), অথবা উভয় পদ্ধতি ব্যবহার করে আপনার শিশুর শ্রবণশক্তি স্ক্রিন করা হয়েছিল। (স্ক্রিনিং-এর মানে হল আপনার শিশু শুনতে পায় কিনা তা তাড়াতাড়ি পরীক্ষা করা)।

আপনার শিশুর এক বা উভয় কানের জন্য প্রথমে একটি ভাল স্ক্রিন করা সম্ভব ছিল না। অনেক শিশুকে আরেকবার স্ক্রিন করার দরকার পড়ে। আপনার শিশুর নড়াচড়া, ঘরে আওয়াজ বা জন্মের পর কানে উপস্থিত তরল পদার্থের কারণে ভুল ফলাফল দিতে পারে। আপনার শিশুর শ্রবণশক্তি কমে নাও যেতে পারে, তবে নিশ্চিত হওয়ার জন্য আমাদের পরীক্ষা করা দরকার।

এক সপ্তাহ থেকে এক মাস বয়সের মধ্যে আপনার শিশুর শ্রবণশক্তি আবার পরীক্ষা করান সবথেকে ভালো। হাসপাতালের একজন কর্মী আপনাকে ফিরে আসার এবং এই পরীক্ষা করানোর তারিখ বাছাই করতে সাহায্য করবে। অথবা, আপনার বাড়ির কাছাকাছি কোথায় আপনার শিশুর শ্রবণশক্তি পুনরায় স্ক্রিন করতে হবে তা আপনাকে বলা হবে।



# শ্রবণশক্তি স্ক্রিনিং-এর ফলাফল

শিশুর নাম

সদ্যোজাতের শ্রবণশক্তি স্ক্রিনিং-এর তারিখ

### আপনার শিশু শ্রবণশক্তির প্রথম স্ক্রিনিং-এ উত্তীর্ণ হয়নি:

☐ উভয় কান ☐ ডান কান ☐ বাঁ কান

# আপনার শিশুর পুনরায় স্ক্রিনিং-এর জন্য সাক্ষাৎ

আপনার শিশুর উভয় কানের শ্রবণশক্তি পুনরায় স্ক্রিন করা হবে।

সময় এবং তারিখ

স্থান

যোগাযোগ নম্বর

### স্ক্রিনিং-এর পদ্ধতি ☐ OAE ☐ ABR

### দ্রষ্টব্য

## পুনরায় স্ক্রিন করতে আসা গুরুত্বপূর্ণ

পুনরায় স্ক্রিন হল আপনার শিশু কতটা ভালোভাবে শোনে তা স্থির করার একটি উপায়। শ্রবণশক্তি খুবই গুরুত্বপূর্ণ। কীভাবে কথা বলতে হয় তা শিখতে এবং বিশ্ব সম্পর্কে শিখতে আপনার শিশুর শব্দ শুনতে পাওয়া দরকার। পরবর্তী সময়ে ভাষা বা স্কুলের কাজে সম্ভাব্য সমস্যা প্রতিরোধ করার জন্য শুরুর মাসগুলিতে শ্রবণশক্তি থাকা খুবই গুরুত্বপূর্ণ। সেই জন্য, New York State-এ সমস্ত শিশুকে সম্ভাব্য শ্রবণশক্তি হারানোর পরীক্ষা করা হয়।

আপনি যদি আপনার পুনরায় স্ক্রিনিং-এ আসতে না পারেন, তাহলে আপনাকে হাসপাতাল, আপনার শিশুর ডাক্তার বা ক্লিনিক, এবং/অথবা আপনার কাউন্টির Early Intervention Program (প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচি) ডাকতে পারে।


## আপনার শিশুকে প্রস্তুত করুন

স্ক্রিনিংয়ের সময় আপনার শিশু ঘুমিয়ে থাকলে এটি সাহায্য করবে।

1. দেখা করার আগে আপনার শিশুকে ঘুমাতে না দেওয়ার চেষ্টা করুন।
2. স্ক্রিনিংয়ের ঠিক আগে আপনার শিশুকে খাওয়ান। এটি তাকে নিদ্রালু করতে পারে।
3. একটি কম্বল, অতিরিক্ত ডায়াপার, জামাকাপড় এবং ব্যবহার করলে অতিরিক্ত ফর্মুলা আনুন।

## আমার দেখা করার পর কী হবে?

আপনাকে, আপনার শিশুর ডাক্তার বা ক্লিনিককে, এবং যে হাসপাতালে আপনার শিশুর জন্ম হয়েছে তাকে/সেখানে ফলাফল দেওয়া হবে। বেশিরভাগ সময়, শিশুরা পুনরায় স্ক্রিনে উত্তীর্ণ হয়। যাইহোক, কিছু শিশুর আরও সম্পূর্ণ শ্রবণশক্তি পরীক্ষা করার প্রয়োজন হবে। যদি এটির প্রয়োজন হয়, যে ব্যক্তি পুনরায় স্ক্রিনিং করেছেন তিনি আপনাকে বলবেন যে কিভাবে এটি করা হয়।



# আপনার সন্তানের শ্রবণশক্তি এবং বাক্‌শক্তি পরীক্ষা করুন

এমনকি আপনার শিশু স্ক্রিনিং-এ "উত্তীর্ণ" হলেও, আপনার শিশুর শ্রবণশক্তি মাঝে মাঝে পরীক্ষা করা খুবই গুরুত্বপূর্ণ। নীচের তালিকা* আপনার শিশুর বড় হওয়ার সাথে সাথে তার শ্রবণশক্তির উপর নজর রাখতে সাহায্য করবে। ভালো শ্রবণশক্তি শিশুদের এই চেকলিস্টের কাজগুলো করতে সাহায্য করে। যে কোনো বয়সে আপনার সন্তানের শ্রবণশক্তি নিয়ে আপনার কোনোরকম উদ্বেগ থাকলে, আপনার শিশুর ডাক্তার বা ক্লিনিকে ফোন করুন।

## ভাল শ্রবণশক্তির চেকলিস্ট*

**জন্ম থেকে 3 মাস পর্যন্ত**

- রোজকার কন্ঠস্বর বা শব্দের কাছাকাছি থাকলে শান্ত হয়ে যায়
- বিকট শব্দ শুনে প্রতিক্রিয়া দেখায়: *শিশু চমকে ওঠে, চোখ পিটপিট করে, চোষা বন্ধ করে, কাঁদে বা জেগে ওঠে*
- জেগে থাকার সময় মৃদু শব্দ করে: *শিশু কুলকুচি করে*

**3 থেকে 6 মাস**

- আওয়াজের দিকে চোখ বা মাথা ঘোরায়: *কন্ঠস্বর, শব্দ করা খেলনা, কুকুরের ঘেউ ঘেউ করা*
- কথা বলার মত শব্দ করা শুরু করে: *"গা," "ওহ," "বা" এবং p, b, m* ধ্বনি
- আপনার কন্ঠস্বরের পরিবর্তনে প্রতিক্রিয়া জানায়

**6 থেকে 9 মাস**

- মৃদু শব্দে সাড়া দেয়, বিশেষ করে কথা বলা
- নিজের নাম ডাকা হলে সাড়া দেয় এবং তাকিয়ে দেখে
- সহজ শব্দ বোঝে: *"না," "বাই-বাই," "রস"*
- বকবক করা: *"দা দা দা," "মা মা মা," "বা বা বা"*

**9 থেকে 12 মাস**

- ধারাবাহিকভাবে মৃদু এবং উচ্চ শব্দ উভয়েরই সাড়া দেয়
- একক শব্দের পুনরাবৃত্তি করে এবং পশুর শব্দ নকল করে
- জিজ্ঞেস করা হলে প্রিয় খেলনা বা খাবারের দিকে নির্দেশ করে

*California Department of Health Services (ক্যালিফোর্নিয়া স্বাস্থ্য পরিষেবা বিভাগ)-এর চেকলিস্ট থেকে সংগৃহীত।*

**12 থেকে 18 মাস**

- 10 বা তার বেশি শব্দ ব্যবহার করে
- সাধারণ কথ্য নির্দেশাবলী অনুসরণ করে: *"বলটা ধর"*
- জিজ্ঞাসা করা হলে মানুষ, শরীরের অঙ্গ বা খেলনাকে নির্দেশ করে
- গান শুনে *"লাফালাফি করে"*

**18 থেকে 24 মাস**

- 20 বা তার বেশি শব্দ ব্যবহার করে
- দুটি বা তার বেশি শব্দ একত্রিত করে: *"আরও রস," "এটা কী?"*
- শব্দের শুরুতে বিভিন্ন ব্যঞ্জনধ্বনি ব্যবহার করে: *b, g, m*
- সাধারণ গল্প এবং গান শোনে

**2 থেকে 3 বছর**

- দুই বা তিনটি শব্দের বাক্য ব্যবহার করে
- 2 বছর বয়সে, শিশুর কথা কিছু কিছু সময় বোঝা যায় (25%-50%)
- 3 বছর বয়সে, শিশুর কথা বেশিরভাগ সময় বোঝা যায় (50%-75%)
- দুটি ধাপের নির্দেশ অনুসরণ করে: *"বলটা নাও আর বাক্সটাতে রাখো"*

## আপনার সন্তানের শ্রবণশক্তি যে কোনো বয়সে পরীক্ষা করা যেতে পারে এবং করা উচিত।





# আপনার শিশুর জন্য আরও সাহায্য

যদি আপনার শিশুর শ্রবণশক্তি হ্রাস পায় বা তার সম্ভাবনা থাকে, তাহলে আপনার আরও সাহায্যের প্রয়োজন হতে পারে। শিশু, বিশেষ চাহিদাসম্পন্ন শিশুরা এবং তাদের পরিবার New York State Department of Health-এর প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচি (Early Intervention Program, EIP) থেকে সাহায্য পেতে পারে। EIP আপনাকে, আপনার শিশু এবং আপনার পরিবারের জন্য শ্রবণশক্তি স্ক্রিনিং ও পরীক্ষা, এবং সহায়তা প্রদান করে। আরও জানতে, আপনার কাউন্টি বা বরোতে আপনার ডাক্তার, ক্লিনিক, বা EIP-কে ফোন করুন।

সদ্যোজাতের শ্রবণশক্তি স্ক্রিনিং বা EIP সম্পর্কে আরও জানতে, ফোন করুন:

**(518) 473-7016**

অথবা, এখানে Early Intervention Program ওয়েব পেজটি দেখুন:

**www.health.ny.gov/community/infants_children/early_intervention/**

আপনার স্থানীয় EIP-তে পৌঁছতে, ফোন করুন:

**Growing Up Healthy 24-Hour Hotline (সুস্থভাবে বেড়ে ওঠা 24-ঘন্টা হটলাইন)**

**1-800-522-5006**

TTY: **1-800-655-1789**

New York City-তে: **311**

# আপনার শিশু কি আপনার কথা শুনতে পায়?

**আপনার শিশুর জন্ম যদি New York State-এর একটি হাসপাতালে হয়, তাহলে আপনার চিন্তা করার কিছু নেই। New York-এর সমস্ত শিশুর শ্রবণশক্তি পরীক্ষা করা হয়।**

আমাদের অনুসরণ করুন:
health.ny.gov
facebook.com/NYSDOH
twitter.com/HealthNYGov
youtube.com/NYSDOH

NEW YORK STATE | Department of Health